# উপজেলা পরিষদ

## শরণখোলা, বাগেরহাট।

**উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।**

সভাপতি : রায়হান উদ্দিন শান্ত, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শরণখোলা, বাগেরহাট।
তারিখ : ৩০ ডিসেম্বর, ২০২১ খ্রিঃ
সময় : সকাল ১১.০০ টা।
স্থান : উপজেলা পরিষদ চেয়ারম্যানের অফিস কক্ষ।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের নাম ও পদবী (স্বাক্ষরের ক্রমানুসারে) যথাক্রমে পরিশিষ্ট "ক" ও "খ" দ্রষ্টব্য।

শরণখোলা উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানানো হয়। অতঃপর সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। বিগত সভার কার্যবিবরণী পাঠান্তে কোন সংশোধনী প্রস্তাব উপস্থাপিত না হওয়ায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভায় নিম্নবর্ণিত বিষয়াদি আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ০১ | উপজেলা প্রকৌশল দপ্তর | ১.১. উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শরণখোলা জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন তহবিলের অর্থ হতে উন্নয়নমূলক কাজ করার লক্ষ্যে ১৮/১১/২০২১ খ্রিঃ তারিখের মাসিক সাধারন সভার কার্যবিবরণীর পরিশিষ্ট 'গ' ও 'ঘ' এবং 'ঙ' এ অনুমোদিত প্রকল্প প্রস্তাবসমূহ দ্রুত ভিত্তিতে বাস্তবায়নের জন্য প্রাক্কলন প্রস্তুতের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১.১.১. সভায় ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন তহবিলের অর্থ প্রাপ্ত সাপেক্ষে উন্নয়নমূলক কাজ করার লক্ষ্যে ১৮/১১/২০২১ খ্রিঃ তারিখের মাসিক সাধারন সভার কার্যবিবরণীর পরিশিষ্ট 'গ' ও 'ঘ' এবং 'ঙ' এ বর্ণিত অনুমোদিত প্রকল্পসমূহের প্রাক্কলন প্রস্তুত পূর্বক আগামী মাসিক সভায় উপাস্থাপন করার জন্য নির্দেশনা প্রদন করা হয়। | উপজেলা প্রকৌশলী শরণখোলা, বাগেরহাট। |
| | | ১.২.উপজেলা পরিষদের গৃহীত উন্নয়ন কর্মসূচীর আওতায় প্রকল্পসমূহ e-GP এর মাধ্যমে বাস্তবায়নের সরকারি নির্দেশনার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১.২.১. উপজেলা পরিষদের গৃহীত উন্নয়ন কর্মসূচীর আওতায় প্রকল্পসমূহ e-GP এর মাধ্যমে বাস্তবায়নের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান। |
| ০২ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | ২.১.উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, শরণখোলা বলেন, করোনা প্রাদুর্ভাবের ৩য় ধাপে দেশে করোনা পরিস্থিতি ক্রমান্বয়ে অবনতি হচ্ছে। তাই সব ধরনের সতর্কতামূলক ব্যবস্থা গ্রহন করা একান্ত জরুরী। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ২.১.১.করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণ নিয়ন্ত্রনে উপজেলার সকল মানুষকে সামাজিক দুরুত্ব বজায় রাখাসহ স্বাস্থ্য বিভাগের সকল নির্দেশনা মেনে চলার জন্য সকলকে আরও সচেতন করাসহ ভ্যাকসিন গ্রহণে সকলকে উদ্বুদ্ধকরনের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, |
| ০৩ | উপজেলা কৃষি অফিস | ৩.১.উপজেলা কৃষি কর্মকর্তা বলেন, এ মৌসুমে শরণখোলা উপজেলায় এক হাজার হেক্টর জমিতে বোরো ধান চাষের লক্ষমাত্রা নির্ধরণ করা হয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ৩.১.১. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা, |
| ০৪ | উপজেলা শিক্ষা অফিস | ৪.১.উপজেলা শিক্ষা কর্মকর্তা, শরণখোলা বলেন যে, শরণখোলা উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে ১লা জানুয়ারী/২০২২ তারিখে নতুন বই বিতরণ করা হবে এবং করোনা সংক্রমণ প্রাদুর্ভার নিয়ন্ত্রণে স্বার্থ বিভাগের নির্দেশণা মেনে নিয়মিত পাঠদান করার বিষয় আলোচনা করা হয়। | ৪.১.১. করোনা সংক্রমণ প্রাদুর্ভার নিয়ন্ত্রনে স্বাস্থ্য বিভাগের নির্দেশণা মেনে নিয়মিত পাঠদান করার পরামর্শ দেওয়া হয়। | উপজেলা শিক্ষা অফিসার, শরণখোলা, বাগেরহাট। |

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | [illegible] | ৫.১.১.উপজেলা মৎস্য কর্মকর্তা শরণখোলা বলেন, শরণখোলা উপজেলা মৎস্য দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। | ৫.১.১. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যহত রাখতেহবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| | উপজেলা প্রাণী সম্পদ দপ্তর | ৬.১. উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা সভায় উপস্থিত থেকে এ দপ্তরের বিভিন্ন কর্মকান্ডের বিষয়ে সকলকে অবহিত করেন। সভায় এ দপ্তরের সার্বিক কার্যক্রম সন্তোষজনক বলে সকলকে অবহিত করেন। | ৬.১.১. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যহত রাখতে হবে। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | ৭.১.উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, শরণখোলা বলেন যে, শরণখোলাসহ সারা দেশে করোনা সং। সভায় এ দপ্তরের বিবিধ বিষয় আলোচনা করা হয়। | ৭.১.১. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, |
| ০৮ | উপজেলা জনস্বাস্থ্য দপ্তর | ৮.১. উপজেলা জনস্বাস্থ্য সহ-প্রকৌশলী কর্মকর্তা, শরণখোলা বলেন, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তরের বিভিন্ন প্রকল্পের কাজ যথাযথ নিয়মে বাস্তবায়িত হচ্ছে এবং এ দপ্তরের সার্বিক কাজ সন্তোষজনক। | ৮.১.১. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যহত রাখতে হবে। | উপজেলা সহ-প্রকৌশলী, শরণখোলা |
| ০৯ | উপজেলা সমাজ সেবা অফিস | ৯.১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, শরণখোলা উপজেলা সমাজসেবা বিভাগের সার্বিক কাজ সন্তোষজনক বলে সকলকে অবহিত করেন। | ৯.১.১. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ১০ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | ১০.১. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ মা ও শিশু স্বাস্থ্য সেবার মান নিশ্চিত করার লক্ষ্যে নানা কার্যকান্ড বাস্তবায়ন করছে এবং এ উপজেলার পরিবার পরিকল্পনা দপ্তরের কার্যক্রম অত্যন্ত সন্তোষজনক। | ১০.১.১. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শরণখোলা। |
| ১১ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয় | ১১.১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শরণখোলা বলেন, উপজেলা ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা কার্যালয়ের বিভিন্ন প্রকল্পের কাজ যথাযথ নিয়মে বাস্তবায়িত হচ্ছে। এ দপ্তরের সার্বিক কাজ সন্তোষজনক | ১১.১.১. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১২ | উপজেলা মহিলা ও শিশু বিষয়ক অফিস | ১২.১.১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শরণখোলা বলেন, উপজেলা মহিলা ও শিশু বিষয়ক দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | ১২.১.১. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যহত রাখতে হবে। | উপজেলা মহিলা ও শিশু বিষয়ক অফিসার |
| ১৩ | উপজেলা বন বিভাগ | ১৩.১.উপজেলা বন কর্মকর্তা বন সংরক্ষকের কার্যালয়, সামাজিক বন বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। সভায় এ দপ্তরের বিভিন্ন বিষয় আলোচনা করা হয়। | ১৩.১.১. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যহত রাখতে হবে। | উপজেলা বন কর্মকর্তা, শরণখোলা, |
| ১৪ | উপজেলা পরিষদ ডিজিটাল সেন্টার স্থাপন | ১৪.১ উপজেলা পরিষদের সেবাকে জনগণের দোরগোড়ায় পৌছে দেওয়ার জন্য উপজেলা পরিষদের অভ্যন্তরে একটি ডিজিটাল সেন্টার (ইউডিসি) প্রতিষ্ঠার লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ হতে নির্দেশনা প্রদান করা হয়েছে। তাই উপজেলা পরিষদের প্রবেশের প্রধান গেইট সংলগ্ন একটি ডিজিটাল সেন্টার নির্মানের জন্য সকলের মতামত গ্রহণ করা হয়। সকলেই এ বিষয়ে একমত পোষণ করা হয়। | ১৪.১.১ উপজেলা পরিষদের অভ্যন্তরের প্রধান গেইট সংলগ্ন একটি ডিজিটাল সেন্টার (ইউডিসি) নির্মাণের লক্ষ্যে প্রাক্কলন প্রস্তুত পূর্বক রাজস্ব খাত হতে এ ব্যয় নির্বাহের জন্য স্থানীয় সরকার বিভাগের প্রশাসনিক অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, শরণখোলা। |
| ১৫ | উপজেলা কমপ্লেক্সের নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যদের জন্য আবাসিক ভবন নির্মাণ | ১৫.১. শরণখোলা উপজেলা পরিষদ কমপ্লেক্সের নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যদের জন্য আবাসিক ভবন নির্মাণের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের ০৫/১২/২০২১ খ্রি তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০২.২১-৬৩৯ সংখ্যক স্মারকে ১৫,০০০০০/- (পনের লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। উক্ত আবাসিক ভবন নির্মাণের জন্য জায়গা নির্বাচনসহ প্রকল্প বাস্তবায়নের বিষয় সভায় আলোচনা করা হয়। | ১৫.১.১.উপজেলা পরিষদ কমপ্লেক্সের নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যদের আবাসিক ভবন নির্মাণের স্থান উপজেলা নির্বাহী অফিসারের সরকারি বাস ভবনের পশ্চিম পাশের ফাঁকা অব্যবহিত জায়গায় ডিপিপি সদর দপ্তর হতে প্রাপ্ত লে-আউট প্ল্যান অনুযায়ী বিধি মোতাবেক বাস্তবায়নের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ও উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলী, শরণখোলা। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | ...ব্যবস্থাপনাধীন হাট বাজারের অর্থ হতে উন্নয়ন প্রকল্প গ্রহণ | ১৬.১.সভায় শরণখোলা উপজেলা পরিষদের ব্যবস্থাপনাধীন হাট-বাজারসমূহের ১৪২৮ বাংলা সনের ইজারালব্ধ অর্থ হতে হাট-বাজার উন্নয়ন ও রক্ষণাবেক্ষণের জন্য সংরক্ষিত অর্থ হতে উপজেলার ৪ (চার) টি ইউনিয়নে বিদ্যমান হাট-বাজারসমূহের গুরুত্বপূর্ণ উন্নয়ন প্রকল্প গ্রহণের উপযোগিতার বিষয়ে সভায় আলোচনা করা হয় এবং উপজেলা প্রকৌশলী, শরণখোলা এর প্রস্তুতকৃত প্রাক্কলনগুলো সভায় অনুমোদনের জন্য পেশ করেন। গৃহীত প্রকল্পসমূহ হচ্ছে ১। রায়েন্দা বাজারে জনসাধারনের যাতায়াত সুগম করতে উপজেলা পরিষদের সম্মুখের খালে ব্রীজের অসমাপ্ত কাজ সম্পন্নকরন, ২। রায়েন্দা বাজারে জনসাধারনের যাতায়াত সুগম করতে উপজেলা পরিষদের সম্মুখের খালে ব্রীজের অসমাপ্ত কাজ সম্পন্নকরন, প্রাক্কলিত মুল্যঃ ৮,৫১,০০০/-(আট লক্ষ একান্ন হাজার) টাকা, ৩। তাফালবাড়ী বাজারের মান্নানের হোটেল হইতে বাজার জামে মসজিদের ওজুখানা পর্যন্ত রাস্তা সিসি ঢালাই ও ড্রেন নির্মাণ, ৪। রায়েন্দা বাজার পাঁচ-রাস্তা বাদল চত্বর সংলগ্ন কসাই খানা নির্মাণ। | ১৬.২.১.সভায় বিস্তারিত আলোচনান্তে শরণখোলা উপজেলা পরিষদের ব্যবস্থাপনাধীন হাট-বাজারসমূহের ১৪২৮ বাংলা সনের ইজারালব্ধ অর্থ হতে হাট-বাজার রক্ষণাবেক্ষণের জন্য নিম্মোক্ত প্রকল্পগুলো সভায় অনুমোদন করা হয়।<br>১। রায়েন্দা বাজারে জনসাধারনের যাতায়াত সুগম করতে উপজেলা পরিষদের সম্মুখের খালে ব্রীজের অসমাপ্ত কাজ সম্পন্নকরন, প্রাক্কলিত মুল্যঃ ৫,০০০০০/-(পাঁচ লক্ষ) টাকা,<br>২। রায়েন্দা বাজারে জনসাধারনের যাতায়াত সুগম করতে উপজেলা পরিষদের সম্মুখের খালে ব্রীজের অসমাপ্ত কাজ সম্পন্নকরন, প্রাক্কলিত মুল্যঃ ৩,৫১,০০০/-(তিন লক্ষ একান্ন হাজার) টাকা, ৩। তাফালবাড়ী বাজারের মান্নানের হোটেল হইতে বাজার জামে মসজিদের ওজুখানা পর্যন্ত রাস্তা সিসি ঢালাই ও ড্রেন নির্মাণ, প্রাক্কলিত মুল্যঃ ৫,০০০০০/-(পাঁচ লক্ষ) টাকা।<br>৪। রায়েন্দা বাজার পাঁচ-রাস্তা বাদল চত্বর সংলগ্ন কসাই খানা নির্মাণ। প্রাক্কলিত মুল্যঃ ৬,০০০০০/- টাকা। উক্ত প্রকল্পগুলে কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ও উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলী, শরণখোলা। |
| ১৭ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | ১৭.১. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সরাসরি বাস্তবায়নাধীন 'উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় গৃহিত ২০১৮-১৯ অর্থবছরের উপপ্রকল্প "INF-2018-19-400177-02" শরণখোলা উপজেলায় বিভিন্ন ধরনের শিক্ষা প্রতিষ্ঠানে রেইন ওয়াটার হার্ভেস্টিং স্থাপন" শীর্ষক উপপ্রকল্পের কাজ এবং ২০১৯-২০ অর্থ বছরের উপপ্রকল্প "কোভিড-১৯ মোকাবিলায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সহায়ক উপকরণ সরবরাহ" শীর্ষক উপ প্রকল্পের কাজ ইতোমধ্যে শেষ হয়েছে। সভায় উক্ত বিল অনুমোদনের জন্য প্রস্তাব করা হয়। | ১৭.১.১.উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় গৃহিত ২০১৮-১৯ অর্থবছরের উপপ্রকল্প "INF-2018-19-400177-02" শরণখোলা উপজেলায় বিভিন্ন ধরনের শিক্ষা প্রতিষ্ঠানে রেইন ওয়াটার হার্ভেস্টিং স্থাপন" শীর্ষক উপপ্রকল্পের কাজ এবং ২০১৯-২০ অর্থ বছরের উপ প্রকল্প "কোভিড-১৯ মোকাবিলায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সহায়ক উপকরণ সরবরাহ" শীর্ষক উপ প্রকল্পের কাজের বিল সভায় সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ও উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলী, শরণখোলা। |
| ১৮ | সরকারি রাস্তাসমূহ হতে ব্যক্তি মালিকানাধীন সব রকম মালামাল অপসারণ | ১৮.১. সভায় অবহিত করা হয় যে, শরণখোলা উপজেলার যাতায়াতের সকল সরকারি রাস্তার উপর ইট, বালু, সিমেন্ট, গাছ ও অন্যান্য ব্যবসায়ীরা এবং রাস্তা সংলগ্ন স্থানীয় জনসাধারন বাড়ি-ঘরের ব্যবহার্য মালামাল, গবাদি পশু রাস্তা দখল করে ক্ষতিসাধন করছে। উক্ত বিষয়ে প্রয়োজনীয় করণীয় সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১৮.১.১.শরণখোলা উপজেলার যাতায়াতের সকল সরকারি রাস্তার উপর ইট, বালু, সিমেন্ট, গাছ ও অন্যান্য ব্যবসায়ীরা এবং রাস্তা সংলগ্ন স্থানীয় জনসাধারন বাড়ি-ঘরের ব্যবহার্য মালামাল, গবাদি পশু রাস্তা দখল করে ক্ষতিসাধন না করার বিষয়ে দ্রুত সকল ইউনিয়নে মাকিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ(সকল) শরণখোলা, বাগেরহাট। |

CamScanner

. অন্য কোন আলোচনা না থাকায় পতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(রায়হান উদ্দিন শান্ত)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শরণখোলা, বাগেরহাট।

স্মারক নং ০৫.৪৪.১৭৭.০০০.০৭.০১৩.২০১ ৬(১)

তারিখঃ ৩০/১২/২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১। মাননীয় সংসদ সদস্য, বাগেরহাট-৪ ও ষ্টা, উপজেলা পরিষদ, শরণখোলা, বাগেরহাট।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় স , পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভ লনা।
০৪। জেলা প্রশাসক, বাগেরহাট।
০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা কের কার্যালয়, বাগেরহাট।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শরণখে বাগেরহাট।
০৭। উপজেলা.................................................................অফিসার, শরণখোল, বাগেরহাট।
০৮। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান(ম , উপজেলা পরিষদ, শরণখোলা, বাগেরহাট।
০৯। চেয়ারম্যান,...............................................ইউনিয়ন পরিষদ (সকল), শরণখোলা

উপজেলা নির্বাহী অফিসার
শরণখোলা, বাগেরহাট।